R. N. No. 2532/57 | Phone No. RGG.112 | Regd No.—WB/MSD—4

টেলিফোন : ৩৪-১৩৫২
রিপ্রোডাকশন সিন্ডিকেট
৭-১, বিধান সরণী, কলিকাতা-৬

# জঙ্গিপুর সংবাদ

সাপ্তাহিক সংবাদ-পত্র

প্রতিষ্ঠাতা—স্বর্গত শরৎচন্দ্র পণ্ডিত (দাদাঠাকুর)

বিবাহ উৎসবে
ভি, ডি ও ক্যাসেট স্যুটিং
এর জন্য যোগাযোগ করুন—
ষ্টুডিও চিত্রশ্রী
রঘুনাথগঞ্জ :: মুর্শিদাবাদ

৭৫শ বর্ষ
৩৭শ সংখ্যা

রঘুনাথগঞ্জ ২৫শে মাঘ বুধবার, ১৩৯৫ সাল।
৮ই ফেব্রুয়ারী, ১৯৮৯ সাল।

নগদ মূল্য : ৪০ পয়সা
বার্ষিক ২০৲

## ছাত্র-শিক্ষক অহি নকুল সম্পর্কের নিদর্শন জঙ্গিপুর কলেজ

জঙ্গিপুর : পরপর দু'দিনের দুটি ঘটনা প্রমাণ করলো জঙ্গিপুর কলেজে ছাত্র-শিক্ষকের মধ্যে অহি নকুল সম্পর্ক সৃষ্টি হয়েছে। প্রকাশ, গত ১ ফেব্রুয়ারী কলেজের মর্নিং সেক্সনে রাষ্ট্র বিজ্ঞানের ক্লাস নিতে গেলে ছাত্ররা জনৈক শিক্ষক নিখিল মালের ক্লাস বয়কট করে। তাদের অভিযোগ,, নিখিলবাবুর উচ্চারণ তারা বুঝতে পারে না, ফলে তিনি কি পড়ান তা বোধগম্য হয় না। ছাত্ররা নিখিলবাবুর অপসারণের দাবীতে গোটা সেক্সনেই ধর্মঘটের ডাক দেয়। ভারপ্রাপ্ত অধ্যক্ষ শেষ পর্যন্ত নিখিলবাবুকে বাদ দেওয়ার সিদ্ধান্ত নেন। উল্লেখ্য, মর্নিং সেক্সন চালানোর জন্য অধ্যাপকের অভাব দেখা দিলে স্থানীয় কয়েকজন স্কুল শিক্ষককে পার্ট টাইম লেকচারার হিসাবে নিয়োগ করা হয়। ছাত্রদের এই ধরনের ব্যবহারে পার্টটাইম লেকচারাররা অসন্তুষ্ট হন। তার উপর কর্তৃপক্ষের নিখিলবাবুকে বাদ দেওয়ার সিদ্ধান্তে তাঁরা অপমানিত বোধ করায় কলেজে কাজ না করার কথা ভাবছেন। বর্তমানে অবস্থা এমন দাঁড়িয়েছে যে মরণিং সেক্সন বন্ধও হয়ে যেতে পারে। অন্য ঘটনাটি ঘটে গত ২ ফেব্রুয়ারী। কলেজ ছাত্র সংসদের জেনারেল সেক্রেটারী জানান, কলেজের বর্তমান ভারপ্রাপ্ত অধ্যক্ষ বিমলেন্দু দে শ্রেণীকক্ষে পড়ানোর সুযোগে কংগ্রেস দলের ও প্রধানমন্ত্রী রাজীব গান্ধী সম্বন্ধে অবমাননাকর মন্তব্য করলে বি-এ প্রথম বর্ষের জনৈক ছাত্র সৈয়দ আবদুস সাদেক অধ্যক্ষের মন্তব্যের প্রতিবাদ করে ও মন্তব্য প্রত্যাহারের দাবী জানায়। বিমলেন্দুবাবু এ মন্তব্য প্রত্যাহার তো দূরের কথা ঐ ছাত্রটিকেই নাকি কলেজ থেকে বহিষ্কারের (শেষ পৃষ্ঠায়)

## জল সরবরাহ বিভাগের গাফিলতিতে পুর এলাকার জলনিকাশী ব্যবস্থা বিপর্যস্ত

নিজস্ব সংবাদদাতা, ২ ফেব্রুয়ারী : শহরের রাস্তাঘাট, জলনিকাশী ব্যবস্থা তত্ত্বাবধানে জঙ্গিপুর পুরসভার গাফিলতি সর্বস্তরে বিশেষভাবে প্রকট হয়ে পড়েছে। পুর শহরের বাস্ত অঞ্চল দরবেশপাড়ার ১৪ ও ১৫ নং ওয়ার্ডের সংযোগস্থল পণ্ডিত প্রেসের সম্মুখে তে রাস্তার মোড়ে জলনিকাশী ব্যবস্থার উন্নতি করতে গিয়ে পুর কর্তৃপক্ষ বিপাকে পড়েন। ভারপ্রাপ্ত ঠিকাদার রাস্তার সংযোগস্থলের নর্দমার উপরের কালভার্টটি ওপেন করে মাটি তোলার পর দেখেন জল সরবরাহের পাইপ নর্দমার সিমেন্টেড প্লিন্থের উপর বসান হয়েছে। ফলে জলে বয়ে আসা ময়লা পাইপে বাধা পেয়ে জল নিকাশের অসুবিধা সৃষ্টি করছে। ঠিকাদার অসুবিধার কথা পুর অফিসে জানালে পুর ওভারসিয়ার ঘটনাস্থলে এসে অবস্থা সরজমিনে দেখে যান। তারপর বেশ কয়েক দিন কাজ বন্ধ থাকে। কিন্তু পথের দু'পাশে ইট মাটি ও বালির সাথে পড়ে থাকে রাস্তার উপর এপাশ থেকে ওপাশ পর্যন্ত দু'হাত গভীর এক বিপজ্জনক খাত। যার ফলে প্রায় রাতে জখম হন পথচারীরা। ১০/১১ দিন ধরে ঐ প্রাণান্তকর অবস্থা চলতে থাকায় শহরের লোকের অস্বস্তি চরমে উঠে। এর মধ্যে গুজব ছড়িয়ে পড়ে—আপাততঃ ঐ পথটি বেহাল অবস্থাতেই ২/৩ মাস থাকবে। কেন না জল সরবরাহের কর্তৃত্বভার পাবলিক হেলথ ইঞ্জিনিয়ারিং বিভাগের। তাঁদের সঙ্গে যোগাযোগ করা হয়েছে। তাঁরা (শেষ পৃষ্ঠায়)

## কংগ্রেসী শিক্ষকদের উপর ছাঁটায়ের খাঁড়া ঝুলছে

নিজস্ব সংবাদদাতা : বিশ্বস্ত সূত্রে জানা যায় রঘুনাথগঞ্জ ১নং এবং সাগরদীঘি ব্লকের গ্রামীণ স্বাক্ষরতা প্রকল্পের অধীনে যে সব শিক্ষক ১৯৮৬ সাল থেকে কর্মরত, তাঁদের মধ্যে অ-সি পি এম শিক্ষকদের বরখাস্ত করার পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। এই আশংকায় ৩৭ জন শিক্ষক মহামান্য হাইকোর্ট থেকে গত ২৪ জানুয়ারী স্থিতাবস্থা বজায় রাখার আদেশ পেয়েছেন। এখন ঐ শিক্ষকদের আশংকা, প্রবল আধিকারিক পার্টির চাপে 'ব্যাকডেটে' ঐ শিক্ষকদের ছাঁটাই করে ক্যাডারদের নতুন নিয়োগপত্র ছেড়ে আইনঘটিত জটিলতার সৃষ্টি করতে চলেছেন।

## বালি চাপা পড়ে দুই ছাত্রের মৃত্যু

আহিরণ : গত ১ ফেব্রুয়ারী বিকেল ৫টা নাগাদ সুতী থানায় নুরপুর দিয়ার গ্রামে তিন-জন ছাত্র বালি চাপা পড়ে। এদের মধ্যে ২ জন ঘটনাস্থলেই মারা যায়। অপরজনকে আশংকাজনক অবস্থায় জঙ্গিপুর হাসপাতালে ভর্তি করা হয়। প্রকাশ, এই গ্রামের প্রাই-মারী শিক্ষক সেরাজুদ্দিন আহম্মদের (তাজিম মাষ্টার) কাছে ছেলে তিনটি প্রাইভেট পড়তে গেলে উক্ত শিক্ষক তাদের বালি আনতে পাঠান। সেই সময় এই দুর্ঘটনা ঘটে। মাষ্টারমশায় বর্তমানে পলাতক।

## ব্যাঙ্কের নতুন শাখা হচ্ছে না

রঘুনাথগঞ্জ : স্থানীয় ১নং ব্লকের অধীন রাজা-নগর গ্রামে প্রস্তাবিত 'ব্যাঙ্ক অফ ইণ্ডিয়া'র নতুন শাখা খোলার প্রস্তাব বাতিল করা হয়েছে বলে জানা যায়। বাতিল করার কারণ হিসাবে বলা হয়েছে ঐ গ্রামে সদর কিংবা মহকুমার সাথে যোগাযোগের সুবিধা নাই। তার উপর বর্ষায় যোগাযোগ ব্যবস্থা সম্পূর্ণ ভেঙ্গে পড়ে।

পুনরায় জনতা চা : প্রতি কেজি ২৫-০০টাকা
চা ভাণ্ডার, সদরঘাট, রঘুনাথগঞ্জ।
ফোন : আর জি জি ১৬

সর্বেভ্যো দেবেভ্যো নমঃ


জঙ্গিপুর সংবাদ

২৫শে মাঘ বুধবার ১৩৯৫ সাল


## পরা ও অপরা বিদ্যা

ভারতের ব্রহ্মবেত্তা আর্য্য ঋষিগণ দুই প্রকারের বিদ্যাশিক্ষা বাধ্যতামূলক করিয়াছিলেন। ইহাদের নাম পরা ও অপরা বিদ্যা। চারি বেদ, শিক্ষা, কল্প, ব্যাকরণ, নিরুক্ত, ছন্দ, জ্যোতিষ অপরা বিদ্যা এবং অবিনশ্বর ব্রহ্মকে বিদিত হইবার জন্য যে বিদ্যা তাহা পরা বিদ্যা। সকলকেই যথাসাধ্য উভয় বিদ্যালাভের জন্য যত্নবান হইতে হইবে। মাঘী সিত পঞ্চমীর শিশিরসিক্ত প্রাতে বিদ্যাদেবীর অর্চ্চনার মুহূর্ত্ত সমাগত। দেবী অর্চ্চনার প্রাক মুহূর্ত্তে পরা ও অপরা বিদ্যা লাভের ক্ষেত্রে যত্নবান হইতে দাদাঠাকুর যে কথা লিখিয়া গিয়াছেন তাহা পুনর্মুদ্রিত করিবার প্রয়োজন উপলব্ধি করিয়া "ধর্মহীন বিদ্যার কুফল" শীর্ষক সম্পাদকীয়টি পুনর্মুদ্রণ করিলাম।

আজকাল ভারতবর্ষের লোকের মধ্যে মূর্খতাই যে অতি প্রবল এই একটা নিন্দা দেশে দেশে প্রচারিত হইয়া যাইতেছে। যে আর্য্য জাতি সর্ব প্রথমে বিদ্যার আলোকে উদ্ভাসিত হইয়াছিল, তাহারাই আজ মূর্খ বলিয়া অভিহিত হয়—ইহা নিতান্তই অদৃষ্টের দোষ। পূর্বে গ্রামে গ্রামে টোল পাঠশালা ছল, মূর্খ কেহ থাকিত না। পাশ্চাত্যের আদর্শে সে সকল উঠিয়া গেল আর পাশ্চাত্যের আদর্শে বিদ্যালাভের চেষ্টায় ভারতের লোকের স্বাভাবিক আনন্দভাব, তেজ, শক্তি, নীতি ধর্ম—কোথায় ভাসিয়া গেল। বিদ্যাদান এখন পরহস্তে গিয়াছে, বিদ্যালাভের বিষম ব্যয় বাহুল্য ঘটিয়াছে এবং বিদ্যালাভের বর্ত্তমান প্রথার প্রভাবে কোমলমতি শিশুগণ পাঠ্য ও স্বাস্থ্য হারাইতে বসিয়াছে। এখন লেখাপড়া শিখিতে গিয়া যাহা শিক্ষা হয় তাহা কেবল ভুলিবার জন্য পণ্ডশ্রম হয় মাত্র মানসিক বিকাশ হয় না। এম-এ, বি-এ পাশ করিয়া শিক্ষিত ব্যক্তি নিস্তেজ, নিরাশ ও অকর্মণ্য হয়, ইহা বিদ্যার অপব্যবহার। চতুর্বেদ ইতিহাস, পুরাণ, বেদের বেদ অর্থাৎ ব্যাকরণ শাস্ত্র, পিত্র অর্থাৎ পরলোক সম্বন্ধীয় বিদ্যা, রাশি অর্থাৎ অঙ্ক শাস্ত্র দৈব বিদ্যা, নিধি অর্থাৎ ধন সম্বন্ধীয় বিদ্যা, ব্রহ্মবিদ্যা, ক্ষত্রবিদ্যা, ভূতবিদ্যা, নক্ষত্রবিদ্যা, তর্কবিদ্যা, সর্পবিদ্যা, কলাবিদ্যা, নৃত্যবিদ্যা—এই সকল বিদ্যা শিক্ষার নিয়ম ভারতে প্রাচীনকালে ছিল। হিন্দুর পক্ষে বিদ্যা শিক্ষা না করিলে অধর্ম সঞ্চয় হইত। কিন্তু সে সকল কথা এখন ভুল হইয়া গিয়াছে।

বর্ত্তমান ভারতের পল্লবগ্রাহি শিক্ষার দ্বারা কোন বিষয়ে সম্যক শিক্ষা হয় না—অনেক লোকের উক্তি সকল মুখস্থ করিতে করিতে বিদ্যার্থীর মেধা ও শক্তি নষ্ট হইয়া যায়, নিজের মনের বিকাশ হয় না। প্রায় অধিক ক্ষেত্রে সে যাহা বলে তাহা অপরের কথা মাত্র। আজকাল শিক্ষিত ব্যক্তি ধর্মাচরণ করা লজ্জাজনক বলিয়া মনে করেন, কাজেই মানসিক শক্তির ও আধ্যাত্মিক শক্তির বিকাশ হয় না। অনার্য্যোচিত বিদ্যাশিক্ষার প্রথায় আর্য্য বংশধরগণের মেধা ও শক্তি হীন করিয়া দিয়াছে। যেমন ব্যায়ামের ফলে শারীরিক শক্তি লাভ হয়, মানসিক বিচারের ও চর্চ্চার দ্বারা মেধা শক্তির বিকাশ হয়, সেইরূপ ব্রহ্মচিন্তায় আধ্যাত্মিক শক্তির বিকাশ হয়। সমভাবে দেহের, মনের ও আত্মার উৎকর্ষ সাধন করা দরকার। মুসলমান, খৃষ্টান, বৌদ্ধ, ব্রাহ্ম ও সাধারণ অর্দ্ধশিক্ষিত ও অশিক্ষিত ব্যক্তি মাত্রই তাহাদের সকল কার্য্যের মধ্যে ঈশ্বরের ধ্যান, ঈশ্বরের নিকট প্রার্থনাদি যথাসাধ্য করেন। কিন্তু আশ্চর্য্যের বিষয় এই যে, অনেক আধুনিক শিক্ষিত হিন্দুর পক্ষে ব্রহ্মচিন্তা ও ভগবানের নিকট প্রার্থনাও উপহাসের যোগ্য বলিয়া বিবেচিত হয়।

ভগবান শ্রীকৃষ্ণ গীতায় বলিয়াছেন যেখানে ধর্মের গ্লানি হয় তিনি তথায় অবতীর্ণ হইয়া ধার্মিককে রক্ষা করেন। দুষ্কৃতকে ধ্বংস করেন। হিন্দুর ধ্বংসলীলা আরম্ভ হইয়াছে—এক্ষণে রক্ষার উপায়—শিক্ষিত সমাজ অবসাদ ত্যাগ পূর্ব্বক পরা বিদ্যার প্রতিও দৃষ্টি করুন। তাহা হইলে ভারতের প্রাচীন গৌরবের দিন পুনর্বার ফিরিয়া আসিবে। নতুবা শুধুমাত্র অপরা বিদ্যা বা বস্তু বিদ্যার অনুশীলনে মনে পবিত্র ভাব জাগরিত না হওয়ায় সৎ প্রবৃত্তি লোপ পাইবে। সমাজে অসৎ প্রাধান্য বৃদ্ধি পাইয়া সমাজ জীবনে অশান্তি দেখা দিবে।

## বজ্রে তোমার বাজে বাঁশী

মানিক চট্টোপাধ্যায়

লোক শিক্ষার জন্য যাঁরা পৃথিবীতে আবির্ভূত হয়েছেন তাঁদেরকে জীবন সংসর্গ করতে হয়েছে নিষ্ঠুরতার অত্যাচারের যূপকাষ্ঠে। সক্রেটিস, যীশুখৃষ্ট কেউ রেহাই পাননি শাসক শ্রেণীর হাত থেকে। অন্যায় শোষণ, অসাম্য ও বর্বরতার বিরুদ্ধে চিরকাল লোক শিক্ষক, প্রগতিশীল শিল্পীরা বিদ্রোহ করে এসেছেন। শাসক শ্রেণী তাঁদের হত্যা করে গণআন্দোলন স্তব্ধ করে দিতে পারেননি।

ইতিহাসের পট পরিবর্তন হয়েছে। যুগের বদল ঘটেছে। তবুও এই বর্বর মানসিকতার কোন পরিশুদ্ধি ঘটেনি। যুগে যুগে

## সুস্থ চেতনার নাম—'সফদার হাসমি'

বাবলু ব্রহ্ম

একজন টগবগে সাচ্চা কবি
শিরদাঁড়া টানটান সোজা করে,
মানুষের জন্য হৃদয়ের ভালবাসা
প্রাণের বিনিময়ে গচ্ছিত রেখে
লিখছিল ভবিষ্যতের গান-গল্প-কথা—
মানুষের মাঝে মানুষের বাঁচার কবিতা॥
একজন টগবগে সাচ্চা শিল্পী
যার শিল্প ছিল জীবন কথা, ছিল
সত্যের প্রতি সমাজের প্রতি দায়বদ্ধতা ;
আদর্শ, প্রত্যয় আর প্রতিজ্ঞার অভিব্যক্তি
বাস্তব চেতনার জন্ম পথনাটক—
যন্ত্রণা, ক্ষোভ প্রতিরোধের নোতুন ভাষা
অন্ধকারের বিরুদ্ধে আলোর নিশানা ;
এলো ওরা তাই অন্ধকারের পথে
উদ্ধত রিভলবার অন্ধকারের পশু
হিংস্র: নোতুন আলোর হাতছানিতে
নৃশংসতার চরম নিদর্শনের বলি
সাচ্চা শিল্পী কবি সফদার হাসমি
শিরদাঁড়া টানটান করে শোনাল
নবজীবনের গান-নোতুন আকাশে॥

অত্যাচারীর খড়্গকৃপাণ অনুরঞ্জিত হয়েছে সেই সমস্ত মানুষের শোণিতে যারা এসেছিল মানবতার অর্ঘ্য নিয়ে মানুষের সমাজে মনুষ্যত্বের প্রতি তাদের অন্তরের নৈবেদ্য নিবেদন করতে। তাই সোমেনচন্দ্র ব্রজলালকে নিষ্ঠুর মৃত্যুর শিকার হতে হয়। চিলির জনপ্রিয় লোকশিল্পী ভিক্টর জারাকে শান্তির গান গাওয়ার জন্য মৃত্যুবরণ করতে হয়। অথবা দক্ষিণ আফ্রিকার কারাগারে যোদ্ধা কবি মোলাইজকে ফাঁসির দড়িতে ঝুলতে হয়।

আমরা যখন একবিংশ শতাব্দীর সোপানে পা রাখতে চলেছি, যখন শিক্ষা—সংস্কৃতি—সভ্যতার অহমিকা বোধ করছি, তখনই বঞ্চনা, অন্যায়, শোষণ ও অসাম্যের বিরুদ্ধে জেহাদ ঘোষণা করতে গিয়ে ঘাতকের হাতে নৃশংসভাবে নিহত হলেন উত্তরপ্রদেশের জননাট্য মঞ্চের প্রাণপুরুষ সফদার হাসমি। তিনি চেয়েছিলেন মানুষের সঙ্গত অধিকার ও দাবীকে এবং তার পাশাপাশি শোষণের চিত্রকে তাঁর পথনাটিকার মাধ্যমে শাসক শ্রেণীর কাছে তুলে ধরতে। হাসমির অপরাধ 'শোষকের বিরুদ্ধে ছিল তাঁর ঘৃণা। আত্মস্থ করেছিল কমিউনিষ্ট মতাদর্শ। লালন করেছিল শ্রমজীবী সর্বহারা মানুষের প্রতি অনাবিল ভালোবাসা। অস্ত্র হিসাবে তুলে নিয়েছিল নাটক।'

তবুও সূত্রধার কখনো মরে না। ক্ষেত-খামার কলকারখানায় ছড়িয়ে থাকা কোটি কোটি কুশীলব অপেক্ষা করছে নাট্যকারের জন্য। সারা ভারতবর্ষে প্রতিবাদ বিক্ষোভের মধ্য দিয়ে হাজার হাজার হাসমি সংস্কৃতির সূতিকা গৃহে জন্ম নিচ্ছে। শোক জন্ম দিয়েছে শক্তির।

## চার মাস পরে তিনজন খুনী ধরা পড়লো

ধুলিয়ান ঃ গত ৩০ অক্টোবর সামসেরগঞ্জ থানায় এক খুনের অভিযোগ দায়ের করা হয়। উক্ত অভিযোগে বলা হয় সাহেবনগর থানার এক দুষ্টচক্র আবদুর রসিদের পুত্র সেলিমকে হত্যা করেছে বলে তাঁরা সন্দেহ করেন। পাঁচজন সন্দেহজনক ব্যক্তির নামও থানায় জানানো হয়। সামসেরগঞ্জ থানার ওসির তৎপরতায় গত ২৬ জানুয়ারী আসামী-দের মধ্যে হুমায়ন সেখ, ডাবলু সেখ ও আসরাফুল সেখকে পুলিশ গ্রেপ্তার করতে সক্ষম হন। বাকী আসামীরা আজও ধরা পড়েনি। এখনও পর্যন্ত পুলিশ সঠিক সিদ্ধান্তে আসতে পারেননি সত্যই সেলিম নিহত না তাকে গায়েব করে রাখা হয়েছে। যদি তাকে হত্যা করা হয়ে থাকে তবে হত্যার কারণই বা কি?


## স্কুল স্পোর্টস উদ্‌যাপিত

রঘুনাথগঞ্জ ঃ গত ৫ ফেব্রুয়ারী এস, ডি, ও কোর্ট ময়দানে রাজা রামমোহন রায় বিদ্যা-নিকেতনের বার্ষিক দৌড়ঝাঁপ প্রতিযোগিতা সুষ্ঠুভাবে অনুষ্ঠিত হয়। অনুষ্ঠানে সভাপতিত্ব করেন পুরপিতা পরমেশ পাণ্ডে। ছোট ছোট ছেলেমেয়েদের দৌড়ঝাঁপের সঙ্গে যা খুশি সাজো প্রতিযোগিতাটিও মনোমুগ্ধকর হয়।

ঐ দিনই স্থানীয় ম্যাকেঞ্জী পার্ক সংলগ্ন স্কুলের নিজস্ব মাঠে রঘুনাথগঞ্জ হাই স্কুলের বার্ষিক ক্রীড়া প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সভাপতিত্ব করেন জঙ্গিপুর কলেজের অধ্যাপক অতুলচন্দ্র সরকার।

## আদিবাসীদের সহরায় পরব

সাগরদীঘি ঃ স্থানীয় থানায় বিভিন্ন আদিবাসী গ্রামে আদিবাসীদের শ্রেষ্ঠ পরব সহরায় (বাঁধনা) বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাঝে শেষ হয়ে গেল। পৌষ মাসের শেষ সপ্তাহের চারদিন গ্রামগুলির মাঠে ও নিজ নিজ বাড়ীতে পরব উদ্‌যাপিত হয়। এর সঙ্গে চিরাচরিত গোপর্বও পালিত হয়। আত্মীয়স্বজন পরস্পর পরস্পরকে নিমন্ত্রণ করে নাচ গানের মধ্যে ঐ চারদিন আনন্দে অতিবাহিত করেন।



## ভোটার তালিকার বিশেষ সংশোধন

আগামী ১-৪-৮৯ তারিখে যাঁরা ১৮ বৎসরে পদার্পণ করবেন তাঁদের নাম ভোটার তালিকায় অন্তর্ভুক্তির জন্য মুখ্য নির্বাচন আধিকারিকের নির্দেশমত মুর্শিদাবাদ জেলাতেও ভোটার তালিকার বিশেষ সংশোধনের কাজ শুরু হতে চলেছে। এই সম্পর্কিত সংশ্লিষ্ট তথ্য সকলের অবগতির জন্য প্রকাশিত হল।

| | | |
|---|---|---|
| (ক) | বাড়ীতে বাড়ীতে ঘুরে ভোটার তালিকাভুক্তি ও পরিদর্শনের কাজ | ১-২-৮৯ থেকে ২৮-২-৮৯ পর্যন্ত |
| (খ) | ভোটার তালিকা প্রস্তুতি ও ছাপানো বা সাইক্লোষ্টাইল করার কাজ | ১-৩-৮৯ থেকে ৩১-৩-৮৯ পর্যন্ত |
| (গ) | খসড়া তালিকা প্রকাশ | ১-৪-৮৯ |
| (ঘ) | তালিকা ভুক্তির দাবী অথবা অভিযোগ দাখিল | ১-৪-৮৯ থেকে ১৬-৪-৮৯ পর্যন্ত |
| (ঙ) | তালিকা ভুক্তির দাবী অথবা অভিযোগের নিষ্পত্তি ও ছাপানো বা সাইক্লোষ্টাইল করা ভোটার তালিকা প্রকাশ | ১৫-৫-৮৯ |
| (চ) | চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশ | ১৬-৫-৮৯ |

উপরোক্ত কাজ সুচারুরূপে সম্পন্ন করার জন্য সংশ্লিষ্ট সকলের আন্তরিক সহযোগিতা কামনা করা হচ্ছে।

জেলা সমাহর্তা, মুর্শিদাবাদ।

## আমরা গড়বো বক্রেশ্বর

ভারতীয় সাধারণতন্ত্রের ৩৯ বছর পার হলেও ব্যর্থ পরিকল্পনা এবং অসম উন্নয়নের ফলে দেশের বিভিন্ন প্রান্তে জমা হচ্ছে ক্ষোভ. মাথা তুলছে বিচ্ছিন্নতাবাদী শক্তি।

এই প্রবণতা রুখতে পারে সুষম আঞ্চলিক বিকাশ। সেই লক্ষ্য সামনে রেখে পশ্চিমবঙ্গের বামফ্রন্ট সরকার কেন্দ্র রাজ্য সম্পর্কের পুনর্বিন্যাসের সংকল্পে অবিচল।

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প এই সংকল্পেরই প্রতীক। সপ্তম যোজনায় অনুমোদিত হওয়া সত্ত্বেও কেন্দ্রীয় সরকার ইতিমধ্যেই এই প্রকল্পের কাজ থেকে হাত গুটিয়ে নিয়েছে। তবু জনগণের রক্তে, ঘামে এ প্রকল্প বাস্তবায়িত হবেই।

বক্রেশ্বর তাপবিদ্যুৎ প্রকল্প কেবলমাত্র একটি বিদ্যুৎ প্রকল্প নয়, এটি পশ্চিমবাংলার মানুষের আত্মমর্যাদার প্রতীক।

সব বঞ্চনা ও বৈষম্যের বিরুদ্ধে আমরা গড়বো
বক্রেশ্বর..........................
এই হোক্ এবারের প্রজাতন্ত্র দিবসের সংগ্রামী শপথ।

পশ্চিমবঙ্গ সরকার

NTPC
নেশনল থর্মল পাবর কারপোরেশন

## National Thermal Power Corporation Ltd.

(A GOVERNMENT OF INDIA ENTERPRISE)

**Farakka Super Thermal Power Project**

P. O. NABARUN : DIST. MURSHIDABAD (W. B.)
PIN : 742236

## ইণ্ডাষ্ট্রীয়াল ক্যান্টিন টেণ্ডার

এন, আই, টি, নং এফ এস : ৪২ : সি এস : ১০৮৯/টি-১১/৮৯

এক (১) বছর ধরে ফরাক্কা সুপার থার্মাল পাওয়ার প্রোজেক্টের প্ল্যান্ট সাইট ক্যান্টিন চালানোর জন্য ক্যাটারারদের কাছ থেকে সীলকরা টেণ্ডার আহ্বান করা হচ্ছে। আগ্রহীপক্ষগণকে শিল্পে ক্যান্টিন চালিয়েছেন এবং প্রত্যহ প্রায় ৭০০ জন কর্মীকে খাদ্য পরিবেশন করতে এবং প্রত্যহ প্রায় ২০০০ জন কর্মীকে চা, জলখাবার, মিষ্টি ইত্যাদি পরিবেশন করতে সক্ষম হওয়া চাই। আর্থিক সঙ্গতিপন্ন আগ্রহী ও অভিজ্ঞপক্ষেরা ৬-২-৮৯ থেকে ৪-৩-৮৯ পর্যন্ত যে কোন কাজের দিন কাজের সময় নিম্নস্বাক্ষরকারীর অফিস থেকে নিস্কৃতি পত্র, আঃ কঃ, বিঃ কঃ ও বৃত্তিকর পরিশোধের শংসাপত্র দাখিল ও টেণ্ডার কাগজপত্রের দাম বাবদ ২৫-০০ টাকা ( পঁচিশ টাকা মাত্র ) প্রদান সাপেক্ষে টেণ্ডার কাগজপত্র সংগ্রহ করতে পারেন। টেণ্ডারদাতারা টেণ্ডারের সঙ্গে ৫,০০০-০০ টাকা ( পাঁচ হাজার টাকা মাত্র ) বায়না জমা প্রদান করবেন।

৬-৩-৮৯ বেলা ৩টা পর্যন্ত নিম্নস্বাক্ষরকারীর অফিসে সীলকরা টেণ্ডার গৃহীত হবে এবং তার অবিলম্ব পরেই উপস্থিত টেণ্ডারদাতাদের সমক্ষে খোলা হবে।

কোন কারণ না দর্শিয়ে যে কোন বা সমস্ত টেণ্ডার বাতিল করার অধিকার এন, টি, পি, সি পরিচালকবর্গের সংরক্ষিত।

ডেপুটি ম্যানেজার (কন্ট্রাক্টস)
এফ, এস, টি, পি, পি, / এন, টি, পি, সি

## জঙ্গিপুর মহকুমার গৌরব সুশীল চৌধুরী

নিজস্ব সংবাদদাতা : জঙ্গিপুর বারের প্রবীণ এ্যাডভোকেট যতীন্দ্রমোহন চৌধুরীর মধ্যম পুত্র সুশীলকুমার চৌধুরী সম্প্রতি ইণ্ডিয়ান ব্যুরো অফ মাইন্‌সের চীফ কন্‌ট্রোলার পদ লাভ করেছেন বলে জানা যায়। খবরে প্রকাশ, তিনি মালটা, ক্যানাডা, জার্মানী এবং ইকহল্মে ত্রয়োদশ বিশ্ব মাইনিং কংগ্রেসে ভারতের বিশিষ্ট প্রতিনিধি হিসাবে যোগ দেন এবং কংগ্রেস কর্তৃক বিশেষ সম্মানে ভূষিত হন। শ্রীচৌধুরী বর্তমানে ভারত সরকারের বিভিন্ন সংস্থা ও কমিটির সভা হিসাবে নিয়োজিত। উল্লেখ্য, শ্রীচৌধুরী জঙ্গিপুরের প্রখ্যাত চিকিৎসক গৌরীপতি চ্যাটার্জীর (মনিবাবু) জামাতা।

## কমলাকান্ত ব্রহ্মদাসের জন্মবার্ষিকী পালন

ধুলিয়ান, ২ ফেব্রুয়ারী : আজ সারাদিন ধরে মহা ধুমধামে কমলাকান্ত প্রাথমিক বিদ্যালয়ের উদ্যোগে এবং স্থানীয় মিলন সংঘের সহায়তায় এখানে বিশিষ্ট সমাজ সংস্কারক প্রয়াত কমলাকান্ত ঘোষ ব্রহ্মদাসের জন্মবার্ষিকী পালন করা হয়। অনুষ্ঠানে দুপুরে দরিদ্র-নারায়ণ সেবা এবং সন্ধ্যায় সাংস্কৃতিক অনুষ্ঠান হয়। এই অনুষ্ঠানে গীতিনাট্য, আবৃত্তি এবং কমলাকান্ত প্রাথমিক বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা 'বাঘ নাটক মঞ্চস্থ করেন। প্রয়াত কমলাকান্ত ব্রহ্মদাস ব্রাহ্মধর্মী ছিলেন এবং প্রায় ৭৫ বছর আগে নারীশিক্ষা প্রসারের ব্যাপারে যথেষ্ট অগ্রণী ছিলেন। এই শতাব্দীর গোড়ায় তৎকালীন প্রচণ্ড গোঁড়ামির যুগে সমাজ সংস্কারমূলক কাজকর্মের জন্যে তৎকালীন শহরের উচ্চ বর্গের ব্যক্তিরা তাঁকে ধোপা, নাপিত বন্ধ করে 'একঘরে' করে। প্রতিবাদে তিনি আমৃত্যু চুল-দাড়ি রেখে দেন। তিনি অকৃতদার ছিলেন এবং বিষয়-সম্পত্তি কমলাকান্ত বিদ্যালয়কে দান করে যান। এই অনুষ্ঠানে শহরের বিশিষ্ট ব্যক্তিরা উপস্থিত ছিলেন। সমগ্র অনুষ্ঠানটি যথেষ্ট কৃতিত্বের সঙ্গে পরিচালনা করেন বিদ্যালয়ের প্রধান শিক্ষিকা শ্রীমতী রানু পাল।

## প্রকৃতি প্রেমিকরা ব্যথিত

আহিরণ : সুতী থানার বংশবাটী বিলে এই শীতের মরশুমে উড়ে আসে দূর দূরান্ত থেকে বিদেশী পাখী। প্রকৃতি প্রেমিক ও পক্ষী প্রেমিকদের কাছে তাই বংশবাটী বিল দর্শনীয়। কিন্তু বর্তমানে শিকারীর উৎপাতে পক্ষীকুল শুধু আতংকিতই নয়, ক্রমশঃ নির্মূল হতে চলেছে। আইন কিছু আছে কিনা জানা নেই, তবু গ্রামবাসীদের দাবী প্রশাসন তৎপর হলে পক্ষীকুল রক্ষা পায়, তার সঙ্গে সঙ্গে এমন সুন্দর এক পাখীর আবাস ধ্বংস না হয়ে নৈসর্গিক সৌন্দর্য্যের পীঠস্থান হয়ে উঠতে পারে।

## অবশেষে পুলিশ তৎপর হলো

ধুলিয়ান : গত ১ ফেব্রুয়ারী সামসেরগঞ্জ থানার পুলিশ বাসুদেবপুর গ্রামের দুটি ভিডিও হাউসে চড়াও হয়ে মেশিন দুটি আটক করে ও মালিককে গ্রেপ্তার করে জঙ্গিপুর কোর্টে চালান দেয়। খবরে প্রকাশ, ভিডিও হাউস দুটির বৈদ্যুতিক লাইন ছিল না এবং দুটি হাউসই পোলে হুক লাগিয়ে বিদ্যুৎ চুরি করে চালানো হচ্ছিল। এমন কি তাদের ফিল্ম ক্যাসেটগুলিও জাল। তার উপর সেনসার বোর্ডের সার্টিফিকেট ছিল না। ঐ দিন রাত্রে পুলিশ ধুলিয়ান গঙ্গার ঘাট থেকে ২১টি বড় নারকেল তেলের টিন আটক করে। ওগুলি বাংলাদেশ থেকে পাচার হয়ে এখানে আসছিল। ২১ টিনের আনুমানিক দাম আট হাজার টাকা। এই ঘটনায় কাউকে গ্রেপ্তার করা যায়নি।

## কাঠ বহনে নিষেধাজ্ঞা

মুর্শিদাবাদ জেলা শাসক জেলায় সন্ধ্যা ৬টা থেকে সকাল ৬টা পর্যন্ত প্রয়োজনীয় আদেশ ব্যতীত যানবাহন যোগে কাঠ চলাচল নিষিদ্ধ ঘোষণা করে ১৪৪ ধারা জারি করেছেন। এই আদেশ ১ জানুয়ারী থেকে কার্যকরী হয়েছে।

(জেলা তথ্য ও সংস্কৃতি)

## আন্তঃ জেলা রোডমার্চ, ড্রীল ও শ্রেষ্ঠ প্রতিনিধি প্রতিযোগিতা

রঘুনাথগঞ্জ : গত ২২ জানুয়ারী স্থানীয় সেবা শিবির ক্লাবের পরিচালনায় আন্তঃজেলা রোডমার্চ, ড্রীল ও শ্রেষ্ঠ প্রতিনিধি প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় ক্লাবের নিজস্ব ময়দানে। সভাপতি ও প্রধান অতিথি ছিলেন মহকুমা শাসক আর, এস, শুক্লা ও এ্যাডিশনাল জজ বীরেন্দ্র বিশ্বাস। মার্চে ব্যক্তিগতভাবে প্রথম হন বাপুজী ক্লাব রাধারঘাট, ২য় বহুমুখী শিশু তীর্থ জিয়াগঞ্জ ও ৩য় উমাসুন্দরী এ সি, গোরাবাজার। ড্রীলে ১ম সুকান্ত শিশু কল্যাণ কেন্দ্র, কাশিমবাজার, ২য় উমাসুন্দরী এ সি, গোরাবাজার, ৩য় কাশিমবাজার সবুজ সংঘ। টিম চ্যাম্পিয়ান বাপুজী ক্লাব, রাধারঘাট। পাইলট টিম —সেবা শিবির, রঘুনাথগঞ্জ। বিভিন্ন শিল্ডগুলি হলো রোডমার্চে ১ম প্রবোধকুমার স্মৃতি শিল্ড সৌজন্যে অশোক রায়, পাকুরতলা, ২য় প্রফুল্লকুমার বন্দ্যোপাধ্যায় স্মৃতি শিল্ড সৌজন্যে প্রবীর ব্যানার্জী, পাকুরতলা, ৩য় দুলিচাঁদ আগরওয়ালা স্মৃতি শিল্ড সৌজন্যে শঙ্করলাল ও গোপালচন্দ্র আগরওয়ালা। ড্রীলে ১ম উচ্চমতী দাসী স্মৃতি শিল্ড সৌজন্যে সনাতন মনিগ্রাম, মির্জাপুর, ২য় টুকুরাণী স্মৃতি শিল্ড সৌজন্যে মাতৃ জুয়েলার্স, দরবেশপাড়া, ৩য় স্বপনকুমার সাহা স্মৃতি শিল্ড সৌজন্যে নিউ সাহা ওয়াচ কোং প্রোঃ অরূপ সাহা ফুলতলা। এবং শ্রেষ্ঠ প্রতিনিধিকে রূপোর মেডেল ও চ্যাম্পিয়ান দলের ৩৬ জনকে ব্রোঞ্জের মেডেল দেওয়া হয়।

## প্রজাতন্ত্র দিবস পালন

সাগরদীঘি : এই ব্লকের বালিয়া নেতাজী সংঘ প্রজাতন্ত্র দিবস উপলক্ষে জাতীয় পতাকা উত্তোলন এবং সিঙ্গেল উইকেট ক্রিকেট প্রতিযোগিতার আয়োজন করে। প্রতি গ্রাম পঞ্চায়েত এলাকায় প্রতি গ্রামে আঞ্চলিক কংগ্রেসের কর্মিবৃন্দ সাইকেলে জাতীয় পতাকা নিয়ে পথ পরিক্রমা করেন।

## দুর্নীতির প্রতিবাদে বি, জে, পির গণঅবস্থান

ধুলিয়ান, ৩ ফেব্রুয়ারী : স্থানীয় পৌরসভার চরম দুর্নীতির প্রতিবাদে ৩ ফেব্রুয়ারী পৌরসভার সামনে সকাল ১০টা থেকে বিকাল ৫টা পর্যন্ত ভারতীয় জনতা পার্টি গণঅবস্থান করে বিক্ষোভ দেখান। গণঅবস্থানে উপস্থিত ছিলেন বি, জে, পি নেতা ষষ্ঠীচরণ ঘোষ, রাজ্য কমিটির সদস্য সাফিরুদ্দিন বিশ্বাস, পৌরসভার কমিশনার প্রকাশ সিংহ প্রমুখ। পরে তাঁরা বক্তব্যে পৌরসভার চেয়ারম্যানের চরম দুর্নীতি এবং দলবাজীর উদাহরণ তুলে ধরেন। যেমন, বাঁধ নির্মাণে প্রচুর টাকার নয়ছয় এবং বাঁধের কাজ অল্পদিনের মধ্যে নষ্ট হয়ে যাওয়া, এমপ্লয়মেণ্ট এক্সচেঞ্জকে অগ্রাহ্য করে কর্মী নিয়োগ, উন্নয়নমূলক কাজের টাকা অন্য খাতে ব্যয় করা প্রভৃতি।

---


### শিক্ষক চাই

জামেআ রহমানিয়ার জন্য নিম্নবর্ণিত যোগ্যতাসম্পন্ন ৪ জন শিক্ষক প্রয়োজন। ২২শে ফেব্রুয়ারী '৮৯ এর মধ্যে দরখাস্ত সম্পাদকের নিকট পৌঁছানো চাই।

১। বি-এ / বি-এস সি গ্রাজুয়েট বা সমতুল্য পাস ২ জন। (আরবী জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে)

২। 'ফাজেল' বা দারসে 'নিজামী' ফারেগ ১ জন। (ইংরেজী বাংলা জানা প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে)

৩। ক্বারী ১ জন।

সহ-সম্পাদক
জামেআ রহমানিয়া বায়তুস সালাম মসজিদ
পোঃ ধুলিয়ান, জেলা মুর্শিদাবাদ
পিন—৭৪২২০২

---

### রঘুনাথগঞ্জে প্রথম

ভারত সরকারাধীন ইউনিট ট্রাষ্ট অফ ইণ্ডিয়ার মাধ্যমে অধিকতর সঞ্চয় করুন।
যোগাযোগের ঠিকানা :

মহঃ গফুর সেখ (এজেন্ট) আলের উপর পোঃ রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ) এবং শ্রীধ্রুবকুমার মুখার্জী, ট্যাক্স কনসালট্যাণ্ট।

C/o. ৺ডাঃ পার্বতীচরণ মুখার্জী
ফাঁসিতলা, রঘুনাথগঞ্জ (মুর্শিদাবাদ)

## গ্রামবাসীদের সাথে মস্করা করলেন তথ্য দপ্তর

সাগরদীঘি : গত ২৭ জানুয়ারী অগ্নিবীণা সব পেয়েছির আসরের অনুষ্ঠিত বর্ণাঢ্য অনুষ্ঠানে সব কিছু সুষ্ঠুভাবে হলেও গ্রামবাসীদের অভিযোগ, জঙ্গিপুর তথ্য ও সংস্কৃতি দপ্তর তাঁদের সঙ্গে অদ্ভুত এক রসিকতা করলেন। তাঁরা ফিল্ম শো দেখাবার জন্য দুপুরে রঘুনাথগঞ্জে গাড়ী পাঠান অপারেটর ও যন্ত্রপাতি আনার জন্য। কিন্তু পরে জীপগাড়ী কোন কিছু না নিয়েই ফিরে এলে দর্শকরা হতাশ হন। জানা যায় উপস্থিত জনমণ্ডলী জেলাশাসক এলে তাঁর কাছে এ বিষয়ে অভিযোগ করেন।

## জল নিকাশী ব্যবস্থা বিপর্যস্ত

(১ম পাতার পর)

পাইপ লাইন নতুন করে বসানর পর নর্দমার কাজ শুরু হবে। গত ১ ফেব্রুয়ারী পুরসভার এক্সিকিউটিভ অফিসারের সঙ্গে যোগাযোগ করলে তিনি জানান, তাঁরা ফোনে সব ঘটনা ডিভিশনাল ইঞ্জিনীয়ার পাবলিক হেলথকে জানিয়েছেন। কিন্তু কোন উত্তর পাননি। তিনি আরও জানান পুরপতি ও তিনি যৌথভাবে চিঠি দিয়ে গত ৩১ জানুয়ারী বহরমপুরে পাবলিক হেলথ দপ্তরে লোক পাঠান। ওঁরা আজ আসবেন বলে জানিয়েছেন। আমরা ফোন করার কিছুক্ষণের মধ্যে বেলা ২টা নাগাদ পাবলিক হেলথের এ্যাঃ ইঞ্জিনীয়ার ঘটনাস্থল পরিদর্শনে আসেন। আমাদের প্রতিনিধি তাঁকে এর কারণ জানতে চাইলে তিনি সে কথার উত্তর না দিয়ে ভুল ভুলই এই ধরনের কথা বলতে থাকেন। আমাদের প্রতিনিধি তাঁর বক্তব্যের প্রতিবাদ করলে এবং ঘটনা কি জানতে চাইলে তিনি বলেন—এখানে দাঁড়িয়ে কথা বলা সম্ভব না, আপনি অফিসে আসুন আমি বুঝিয়ে দেবো। এর উত্তরে আমাদের প্রতিনিধি বলেন—প্রব্লেম তৈরী হলো কাদের গাফিলতিতে সেটাই আমরা জানতে চাই। উত্তেজিত জনতার তরফেও অনেকে অনেক কথা বলেন। তথ্যানুসন্ধানে প্রকাশ, জলের পাইপ লাইন রাস্তার অন্ততঃপক্ষে এক মিটার বা এক গজ তিন ইঞ্চি নীচে বসান উচিৎ, কিন্তু এক্ষেত্রে তা না করে দু'ফুটেরও কম নীচে বসিয়ে নিয়ে যাওয়ায় এই বিপর্যয়। অভিজ্ঞমহলের মতে এই অবস্থায় ভবিষ্যতে পাইপ লাইনে লিকেজ দেখা দিলে দুর্ঘটনা ঘটার রীতিমত আশংকা রয়েছে। গত ২ ফেব্রুয়ারী সকাল থেকে পুনরায় পুরোদমে নর্দমা নির্মাণের কাজ শুরু হলেও পাইপ লাইনে কোন রকম নড়চড় করা হয়নি। সন্দেহ, জনবিক্ষোভকে চাপা দিতেই যেমন তেমন করে কাজ সারা হচ্ছে। শহরের মানুষদের অভিযোগ, পাবলিক হেলথের কাজের সময় যদি পুর ওভারসিয়র তৎপর হতেন তাহলে এ সমস্যার সৃষ্টি হতো না। এটিও বর্তমান পুর প্রশাসনের দায়িত্ব জ্ঞানহীনতার একটি নিদর্শন বলে পুরবাসীরা মনে করেন। দুঃখের কথা শহরের বুকে এইরূপ অব্যবস্থা দিনের পর দিন চললেও ১৪ কিংবা ১৫নং ওয়ার্ডের কমিশনারদের একদিনও ঘটনাস্থলে দেখা যায়নি।

## নিদর্শন জঙ্গিপুর কলেজ

(১ম পাতার পর)

ভীতি প্রদর্শন করেন। ভারপ্রাপ্ত অধ্যক্ষের ব্যবহারে অসন্তুষ্ট হয়ে ছাত্র সংসদ এক প্রতিবাদ মিছিল বার করে ও তাঁর পদত্যাগ দাবী করে। অধ্যাপকদের সূত্র থেকে জানা যায়, বিমলেন্দুবাবু শ্রেণীকক্ষে কেন্দ্র রাজ্য সম্পর্ক ব্যাখ্যা করার সময়ে সাধারণভাবে কেন্দ্রীয় সরকারের বর্ত্তমান কেন্দ্র রাজ্য সম্পর্কে গৃহীত নীতির সমালোচনা করেন। এর মধ্যে কংগ্রেস বা রাজীব গান্ধীর সম্বন্ধে কোন অবমাননাকর কথা তিনি বলেননি। কিন্তু কতিপয় ছাত্র এই কথাগুলির ইচ্ছাকৃত ভুল ব্যাখ্যা করে ছাত্রদের বিভ্রান্ত করার অপচেষ্টায় মেতেছে।

## প্রবীণ শিক্ষকের জীবনাবসান

রঘুনাথগঞ্জ : গত ৭ ফেব্রুয়ারী স্থানীয় উচ্চ বিদ্যালয়ের অবসরপ্রাপ্ত শিক্ষক হরগোপাল চট্টরাজ (সাতুবাবু) দীর্ঘকাল রোগভোগের পর নিজ গৃহে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। উল্লেখ্য, তিনি ১৯৮৩ সালে অবসর নিলেও মৃত্যুর পূর্ব পর্যন্ত বহু লেখালেখি করেও অবসরকালীন ভাতা পাননি। মৃত্যুকালে তাঁর বয়স হয়েছিল ৭২ বছর।

## পুনরায় ছাত্র পরিষদ

অরঙ্গাবাদ : আজ ৮ ফেব্রুয়ারী ডি, এন, কলেজে ছাত্র সংসদের নির্বাচন ব্যাপক পুলিশী তৎপরতায় নির্বিঘ্নে শেষ হয়। দলগত অবস্থা—ডে সেক্সনে মোট ৩৯টি আসনের মধ্যে ২৩ ছাত্র পরিষদ বাকী এস এফ আই। মরনিং সেক্সনে মোট ১৭টি আসনের মধ্যে ১১ এস এফ আই বাকী ছাত্র পরিষদ। ফলে গভঃ বডি ও জি এস এবারও ছাত্র পরিষদের দখলে থাকলো

যৌতুকে VIP
সকল অনুষ্ঠানে VIP
ভ্রমণের সাথী VIP
এর জুড়ি কি আর আছে!
সংগ্রহ করতে চলে আসুন দুলুর দোকানের
VIP সেন্টারে
এজেণ্ট
প্রভাত ষ্টোর (দুলুর দোকান)
রঘুনাথগঞ্জ, মুর্শিদাবাদ

ফ্রি সেলে নন লেভি এ সি সি এল এণ্ড টি সমেন্ট রঘুনাথগঞ্জ ও জঙ্গিপুরে সরবরাহ করে থাকি কোম্পানীর অনুমোদিত ডিলার
ইউনাইটেড ট্রেডিং কোং
প্রোঃ রতনলাল জৈন
পোঃ জঙ্গিপুর (মুর্শিদাবাদ)
ফোন জঙ্গিঃ ২৫, রঘুঃ ১৬৬

বসন্ত মালতী
রূপ প্রসাধনে অপরিহার্য
সি, কে, সেন এ্যাণ্ড কোং
লিমিটেড
কলিকাতা ॥ নিউ দিল্লী

বিয়ের মরশুমে প্রিয়জনকে শ্রেষ্ঠ উপহার একটি ষ্টীল আলমারী দেওয়ার কথা নিশ্চয়ই ভাবছেন। আসুন, "সেনগুপ্ত ফার্ণিচার হাউসে" আপনার পছন্দমত জিনিষটি দেখে নিন! প্রতিটি জিনিষেই পাবেন বিক্রয়োত্তর সেবা।
সেনগুপ্ত ফার্ণিচার হাউস
রঘুনাথগঞ্জ ( সদরঘাট ) মুর্শিদাবাদ

সুযোগ নিন। এখন থেকে ঘরে বসেই আপনার দেয় করের ( Tax ) রিটার্ণ, আইনানুগ হিসাব (Accounts) সংরক্ষণ এমন কি অডিট করিয়ে নিন।
যোগাযোগ—
শঙ্খনাথ চ্যাটার্জী
প্রযত্নে বিশ্বপাত চ্যাটার্জী
পাকুড়তলা ॥ রঘুনাথগঞ্জ ॥ মুর্শিদাবাদ

রঘুনাথগঞ্জ ( পিন—৭৪২২২৫ ) পণ্ডিত প্রেস হইতে অনুত্তম পণ্ডিত কর্তৃক সম্পাদিত, মুদ্রিত ও প্রকাশিত।